7/10/17

I - 6622/2017

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

पाँच हजार रुपये

Rs.5000

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

D 447790

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

Certified that the document is admitted to registration. The Signature Sheet and endorsement Sheets Attached to the document are the part of the document.

Additional District Sub-Registrar
Cossipore, Dum Dum, 24-Pgs. (North)

11 AUG 2017

Gita Basak

-ঃ শুভ দানপত্র দলিল ঃ-

দানপত্র গ্রহীতা ঃ- শ্রী বলরাম বসাক, PAN - CYLPB4992B, পিতা-স্বর্গীয় দেবেন্দ্র মোহন বসাক, জাতি হিন্দু, ভারতীয় নাগরিক, সাকিন - ৬১২, রবীন্দ্রনাথ ঠাকুর রোড, পোঃ - বেদিয়াপাড়া, থানা - দমদম, কলকাতা-৭০০০৭৭, জেলা -উত্তর ২৪ পরগণা।

BALAJI TRADING
Partner

দানপত্র দাত্রীদ্বয় ঃ (১) **শ্রীমতী রানু বসাক, PAN - AZSPB7390K,** স্বামী শ্রী নিতাই বসাক, পিতা - স্বর্গীয় দেবেন্দ্র মোহন বসাক, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - গৃহস্থালী, সাকিন - ১১, লতাফাত হোসেন লেন, পোঃ ও থানা-বেলেঘাটা, কলকাতা-৭০০০১০।

(২) **শ্রীমতী গীতা বসাক, PAN - CGIPB8089A,** স্বামী শ্রী দীলিপ বসাক, পিতা - স্বর্গীয় দেবেন্দ্র মোহন বসাক, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - গৃহস্থালী, সাকিন - ২২৪, রবীন্দ্রনাথ ঠাকুর রোড, পোঃ - বেদিয়াপাড়া, থানা - দমদম, কলকাতা-৭০০০৭৭, জেলা -উত্তর ২৪ পরগণা।

কস্য সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় স্থানীয় মাপের কমবেশী ৩ (তিন) কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত ৪০০ (চার শত) বর্গফুট বিশিষ্ট টালির ছাউনিযুক্ত কাঁচা গৃহাদি মধ্যে দানপত্র দাত্রীদ্বয়ের ওয়ারিশানসূত্রে প্রাপ্ত অবিভক্ত অবন্টনকৃত এবং অচিহ্নিত ১/২ অর্থাৎ অর্ধেক অংশ স্থানীয় মাপে কমবেশী ১ (এক) কাঠা ৮ (আট) ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত ২০০ (দুই শত) বর্গফুট বিশিষ্ট টালির ছাউনিযুক্ত কাঁচা গৃহাদি মায় যাবতীয় সর্ব্বপ্রকার ইজমেন্ট স্বত্বাদিসহ শুভ দানপত্র দলিল মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - দমদম, এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট সাব রেজিষ্ট্রী অফিস কাশীপুর দমদম সামিল, দক্ষিণ দমদম পৌরসভার ১১ নং ওয়ার্ডের অন্তর্গত, ৬১২, আর.এন. টেগর রোড হোল্ডিং ভুক্ত, কলিকাতা পরগণার অন্তর্গত, মৌজা - বাদিয়াপাড়া গ্রামে, জে.এল. নং - ১৭, রেঃ সাঃ নং ৭, মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে ১২৯৮/২৮৩৩ নং তৌজির অন্তর্গত জি.ডি. ১ সাব ডি ৭ অন্তর্ভুক্ত পরগণা ৫৫ গ্রাম সংক্রান্ত সাবেক ও হাল ১৪৭ নং খতিয়ানের

BALAJI TRADING
Partner

অধীন ১৪৮ নং খতিয়ানভুক্ত ৪৩ নং হোল্ডিংভুক্ত রায়ত স্থিতিবান স্বত্ব বিশিষ্ট সাবেক ও হাল ৩৪১ নং দাগভুক্ত ৭৩ শতক জমি ও উক্ত মৌজায় আরো কিছু জমি সাবস্থ্য লইয়া যথাযথ উন্নতি সাধন করিয়া উহাতে খণ্ড খণ্ড করত: ১৬ ফুট রাস্তা প্রস্তুত করত ভিন্ন প্লটে বিভক্ত করিয়া ১৫ নং মহা নির্মাণ রোড থানা টালিগঞ্জ নিবাসী শ্রী অমূল্য ধন ঘোষ দিং নিকট হইতে উপরিউক্ত ৩৪১ নং দাগস্থিত ৭৩ শতক মধ্যে ১৮ শতক জমি রেজিষ্ট্রীকৃত কোবালামূলে খরিদ করিয়া জনৈক শ্রী কেশব সরকার মহাশয় ভোগদখল করিতে থাকাকালীন উক্ত সম্পত্তির মধ্যে ৯৯ নং প্লটে চিহ্নিত স্থানীয় মাপে কমবেশী ৩ কাঠা জমি মায় তৎসংলগ্ন রাস্তা ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক সম্পত্তি বিগত ইংরাজী ২২শে জুন ১৯৬৪ তারিখে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসে ১ নং বহির ৭৮ নং ভল্যুমের ৭৮ হইতে ৮১ পাতায় লিপিবদ্ধ ৪৯৮৭ নং সাফ কোবালা দলিলমূলে জনৈকা শ্রীমতী সুখসারী বসাক মহাশয়াকে বিক্রয় করিয়া উক্ত সম্পত্তি হইতে এককালীন চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়।

অতঃপর উক্তরূপে উক্ত সম্পত্তি খরিদ করিয়া শ্রীমতী সুখসারী বসাক স্থানীয় পৌরসভা সরকার প্রভৃতিতে তাহার নাম পত্তন করিয়া উহার উপর কাঁচা গৃহাদি নির্ম্মাণ করিয়া ভোগদখল করিতে থাকাকালীন বিগত ইং ০৪.০৮.২০০১ তারিখে পরলোক গমন করেন। পরলোকগমনকালে শ্রীমতি সুখসারী বসাক এক পুত্র অর্থাৎ শ্রী বলরাম বসাক অত্র দলিলের গ্রহীতা এবং তিন কন্যা যথাক্রমে শ্রীমতী রানু বসাক, শ্রীমতী গীতা বসাক (অত্র দলিলের দাত্রীদ্বয়) এবং শ্রীমতী মঞ্জু বসাক (অধুনা মৃত) গণকে তাহার তৎত্যক্ত সম্পত্তির উত্তরাধিকারী রাখিয়া যান। প্রকাশ থাকে যে উক্ত শ্রীমতী সুখসারী বসাকের স্বামী স্বর্গীয় দেবেন্দ্র মোহন বসাক বহুদিন আগেই পরলোক গমন করিয়াছেন।

উক্তরূপে উক্ত সম্পত্তি ওয়ারিশানসূত্রে প্রাপ্ত হইবার পর আমরা অত্র দলিলের দাতা ও দাত্রীদ্বয় আমাদের অপর এক ভগিনী স্বর্গীয় মঞ্জু বসাক প্রত্যেকে আমাদের মাতা সুখসারী বসাকের ওয়ারিশান বিধায় তৎত্যক্ত সম্পত্তি উত্তরাধিকারী হিসাবে মালিক দখলকারী

BALAJI TRADING
Partner

নিযুক্ত হইয়া একযোগে এজমালে ভোগদখল করিয়া আসিতেছি। যাহাতে আমাদের প্রত্যেকের অবিভক্ত অবন্টনকৃত ও অবিভাজ্য ১/৪ অংশ বর্তমান আছে অর্থাৎ আমরা অত্র দানপত্র দলিলের দাত্রীদ্বয় যৌথরূপে ১/২ অর্থাৎ অর্দ্ধেক অংশের মালিক হইতেছি এবং যাহা আমাদের অত্র দানপত্র দলিলের দাত্রীদ্বয়ের দান, বিক্রয় ইত্যাদি সর্বপ্রকার হস্তান্তর করিবার উত্তম স্বত্বাধিকার বর্তমান আছে।

তুমি অত্র দানপত্র দলিলের গ্রহীতা আমাদের একমাত্র সহোদর ভ্রাতা হইতেছ। তুমি আমাদিগকে যথেষ্ট ভক্তি-শ্রদ্ধা কর এবং ভালোবাসো, আমরাও তোমাকে যথেষ্ট ভালোবাসি এবং আমরাও তোমার প্রতি স্নেহশীল। সেই কারণে তোমার ভবিষ্যতের মঙ্গ লার্থে এবং আমাদের নিজ নিজ করণীয় কর্তব্যবোধে এবং তোমার প্রতি সন্তুষ্ট হইয়া এবং তোমার প্রতি আমাদের অনাবিল ভালোবাসা বশতঃ আমাদের ওয়ারিশানসূত্রে প্রাপ্ত ১/২ অর্থাৎ অর্ধেক অংশ যাহা স্থানীয় মাপের কমবেশী ১ (এক) কাঠা ৮ (আট) ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত ২০০ বর্গফুট বিশিষ্ট টালির ছাউনিযুক্ত কাঁচা গৃহাদি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদিসহ দরবস্তু হক হকুক সম্পত্তি তোমাকে অদ্যকার তারিখে নিব্যূঢ় স্বত্বে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিঃশর্তে দান করিয়া অত্র দানকৃত সম্পত্তি হইতে আমরা মায় ওয়ারিশান স্থলাভিষিক্তগণক্রমে এককালিন চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং উহাতে তোমাকে খোলসা খাস দখল প্রদান করিলাম।

তুমি অদ্যকার তারিখ হইতে আমাদের দানকৃত সম্পত্তিতে যাবতীয় স্বত্বে স্বত্ববান, ভোগবান ও মালিক দখলিকার নিযুক্ত হইয়া মালিকান সরকারে ও স্থানীয় মিউনিসিপ্যালিটিতে আমাদের নামের পরিবর্তে তোমার নিজ নাম পত্তন পূর্ব্বক নিজ নামে নিরূপিত খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া পরিবর্তন, পরিবর্দ্ধন, গৃহাদি নির্মাণ, দান, বিক্রয়, বিভাগবন্টন ও সর্ব্বপ্রকার হস্তান্তরের ক্ষমতা পরিচালনা করিতে থাকিয়া পুত্র পৌত্রাদি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগদখল করিতে থাক। তাহাতে আমরা মায় আমাদের অপর কোন ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণক্রমে কেহ

BALAJI TRADING
Partner

Gita Basak



কস্মিনকালেও অত্র দানকৃত সম্পত্তির উপর কোনরূপ দাবী দাওয়া, ওজর, আপত্তি করিব না বা করিবে না বা করিলেও তাহা সর্ব্বোতভাবে সর্ব্বাদালতে আইনতঃ বাতিল, অগ্রাহ্য ও নামঞ্জুর হইবে।

দানকৃত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, লভ্য, হক হকিয়ৎ ইজমেন্ট অধিকারাদি ছিল বা আছে, তৎসমুদয় অদ্যকার তারিখ হইতে রদ, রহিত ও লোপ পাইয়া অত্র দানপত্র দলিলের দ্বারা আমাদিগের হইতে তোমার উপর সম্পূর্ণরূপে অর্শাইল ও বর্তাইল।

প্রকাশ থাকে যে অত্র দানপত্র দলিলে কোনপ্রকার ভুল বা ভ্রম প্রকাশ পাইলে এবং তাহা সংশোধনার্থে অত্র দলিলের পোষকতায় অপর কোন আইন সম্মত দলিলে তোমার বা তোমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণের অনুকূলে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিবার প্রয়োজন হইলে তাহাও আমরা অত্র দানপত্র দলিলের দাত্রীগণ তোমার বা তোমার ওয়ারিশানগণের তলবমত করিয়া দিতে ওয়ারিশানগণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম।

আরও প্রকাশ থাকে যে উক্ত দানকৃত সম্পত্তিতে তুমি দানপত্র গ্রহীতা পাকা গৃহাদি নির্মাণ, ইলেকট্রিকের লাইন, জলের লাইন, ভূগর্ভস্থ জলাধার, ছাদের উপর জলাধার, টেলিফোনের লাইন আনয়ন ও নির্মাণ করিতে পারিবে তাহাতে আমাদের কোনপ্রকার ওজর আপত্তি, দাবী দাওয়া থাকিল না বা থাকিবে না।

আরও প্রকাশ থাকে যে উক্ত দানকৃত সম্পত্তিতে তুমি দানপত্র গ্রহীতা স্থানীয় পৌরসভা হইতে অনুমোদিত বিল্ডিং নক্সা সংগ্রহ করিয়া তাহাতে নির্মাণ, পরিবর্তন, পরিবর্দ্ধন ইত্যাদি করিতে পারিবে।

তুমি অত্র দানপত্র গ্রহীতা এই সম্পত্তি সম্বন্ধে সম্যক অবগত হইয়া এবং থাকিয়া এই সম্পত্তি গ্রহণ করিলে।

BALAJI TRADING
Shibnath Das
Partner

তুমি অত্র দানপত্র দলিলের গ্রহীতা আমাদের দানকৃত সম্পত্তি সানন্দে গ্রহণ করিলে দেখিয়া আমরা অতিশয় সন্তুষ্ট হইলাম।

দানকৃত সম্পত্তির আনুমানিক মূল্য - ৪,০০,০০০্ (চার লক্ষ) টাকা মাত্র এবং সেমত ষ্ট্যাম্প ডিউটি দেওয়া হইল।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, স্বজ্ঞানে, অন্যের বিনা অনুরোধে অত্র দানপত্র দলিলের ভাষা পাঠ করিয়া এবং উহার মর্ম্ম সমূহ সম্যক অবগত হইয়া নিম্নলিখিত স্বাক্ষীগণের সম্মুখে তোমার অনুকূলে এই দানপত্র দলিলে স্বেচ্ছায় সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি বাংলা ১৪২৪ সনের ২৫ শে শ্রাবণ মোতাবেক ইংরাজী ২০১৭ সালের। ১১ই আগস্ট।

**-ঃ তপশীল দানকৃত সম্পত্তির পরিচয় ঃ-**

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - দমদম, এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট সাব রেজিষ্ট্রী অফিস কাশীপুর দমদম সামিল, দক্ষিণ দমদম পৌরসভার ১১ নং ওয়ার্ডের অন্তর্গত, ৬১২, আর.এন. টেগর রোড হোল্ডিং ভুক্ত, পরগণা - কলিকাতা, মৌজা - বেদিয়াপাড়া গ্রামে, জে.এল. নং - ১৭, রে: সা: নং ৭, জি. ডি. ১, সাব ডি. ৭, হোল্ডিং নং ৪৩ ভুক্ত মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে ১২৯৮/২৮৩৩ নং তৌজির অন্তর্গত, মালিকের সাবেক ও হাল ১৪৭ নং খতিয়ানের অধীন নিজ প্রজাই সাবেক ও হাল ১৪৮ নং খতিয়ানভুক্ত রায়ত দখলী স্বত্বীয় —

BALAJI TRADING
Partner

সাবেক ও হাল ৩৪১ নং দাগভুক্ত স্থানীয় মাপে কমবেশী ৩ (তিন) কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত ৪০০ বর্গফুট বিশিষ্ট টালির ছাউনিযুক্ত কাঁচা গৃহাদি মধ্যে আমাদের অত্র দাত্রীদ্বয়ের ওয়ারিশানসূত্রে প্রাপ্ত অবিভক্ত অবিভাজ্য ও অবন্টনকৃত ১/২ অর্থাৎ অর্দ্ধেক অংশ স্থানীয় মাপে কমবেশী ১ (এক) কাঠা ৮ (আট) ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত ২০০ বর্গফুট বিশিষ্ট টালির ছাউনিযুক্ত কাঁচা গৃহাদি মায় উক্ত জমিতে যাতায়াতের রাস্তার যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি ও উহার উপর ও তলদেশ দিয়া জলের লাইন, ইলেকট্রিক লাইন, টেলিফোনের লাইন প্রভৃতি আনায়নের উত্তম স্বত্বাধিকার সহ দরবস্তু হক হকুকসম্পত্তি অত্র দানপত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে।

**-ঃ যাহার চৌহদ্দি ঃ-**

উত্তরে ঃ ৩৪১ নং দাগভুক্ত অপরের জমি।

দক্ষিণে ঃ আংশিক ৩৪১ নং দাগভুক্ত অপরের জমি এবং আংশিক ৭'-৬'' চওড়া কমন প্যাসেজ।

পূর্বে ঃ ৩৩৯ নং দাগভুক্ত অপরের জমি।

পশ্চিমে ঃ ১৬ ফুট প্রশস্ত কমন প্যাসেজ।

BALAJI TRADING
Partner

অত্র দলিল সংলগ্ন নক্সা দলিলের একাংশ বলিয়া গণ্য ও বিবেচিত হইল।

ইসাদি -

১। Sanjay Chakrabarti
Advocate
High Court, Calcutta

২। Shib Sankar Mohanto
Kodalia
Bandel
Hooghly.

গীতা বসাক
Gita Basak
(দানপত্র দাত্রীদ্বয়ের স্বাক্ষর)

আমি অত্র দানপত্র গ্রহীতা
অত্র দান সানন্দে গ্রহণ করিলাম।

Balaram Basak
(দানপত্র গ্রহীতার স্বাক্ষর)

মুসাবিদাকারক ঃ-

Sanjay Chakrabarti
সঞ্জয় চক্রবর্ত্তী,
এ্যাডভোকেট
হাইকোর্ট, কলিকাতা।
WB - 216/97

BALAJI TRADING
Shibnath Das
Partner

of Registration under section 60 and Rule 69.

ed in Book - I

e number 1506-2017, Page from 200352 to 200377

g No 150606622 for the year 2017.

Digitally signed by MOHUL MUKHOPADHYAY
Date: 2017.08.23 11:38:53 +05:30
Reason: Digital Signing of Deed.

(Mohul Mukhopadhyay) 23-08-2017 11:38:51
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE A.D.S.R. COSSIPORE DUMDUM
West Bengal.

(This document is digitally signed.)